



# জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

প্রেস-রিলিজ

তারিখ : ৩০/০৬/২০১৮খ্রি:

## বরিশাল বিশ্ববিদ্যালয়ে ২০১৮-১৯ অর্থবছরের জন্য ৩২ কোটি ৯৩ লাখ টাকার বাজেট অনুমোদন

২০১৮-১৯ অর্থবছরের জন্য বরিশাল বিশ্ববিদ্যালয়ে ৩২ কোটি ৯৩ লাখ টাকার প্রস্তাবিত বাজেট পাস করা হয়েছে। অদ্য ৩০ জুন ২০১৮ তারিখ বরিশাল বিশ্ববিদ্যালয়ের ঢাকাস্থ লিয়াজো অফিসে বিশ্ববিদ্যালয় সিভিকিটের ৫৬ তম সভায় এ বাজেট পাস করা হয়। বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা কার্যক্রম, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের বেতন-ভাতাসহ বিবিধ কার্যক্রম পরিচালনায় আগামী ২০১৮-১৯ অর্থবছরের ব্যয়ের হিসাব এ বাজেট। সিভিকিটের ৫৬ তম সভায় সভাপতিত্ব করেন মাননীয় উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক। উল্লেখ্য গত ২৯ জুন ২০১৮ তারিখ বিশ্ববিদ্যালয়ের ঢাকাস্থ লিয়াজো অফিসে অর্থ কমিটির ২৪ তম সভায় বিশ্ববিদ্যালয়ের ২০১৮-১৯ অর্থবছরের জন্য ৩২ কোটি ৯৩ লাখ টাকার বাজেট প্রস্তাব করা হয়। সভায় উপস্থিত অর্থ কমিটির সকল সম্মানিত সদস্যবৃন্দ বাজেটের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করে প্রস্তাবিত বাজেট অনুমোদনের জন্য বিশ্ববিদ্যালয়ের সিভিকিটের নিকট উপস্থাপনের সুপারিশ করেন। মাননীয় উপাচার্য মহোদয়ের সভাপতিত্বে সভায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের অর্থ কমিটির বিভিন্ন পর্যায়ের সদস্যবৃন্দসহ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি  
উপ-পরিচালক (চ.দা.)  
জনসংযোগ অফিস